



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/সংস্থাপন/৭৩৮

তারিখ : ১৬/১১/২০১৭ খ্রিঃ

বিষয় : মহান বিজয় দিবস, ২০১৭ উদযাপন প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭-৫৮০; তারিখঃ ১৪ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মহান বিজয় দিবস, ২০১৭ যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সাথে উদযাপনের লক্ষ্যে গত ১৭.০৯.২০১৭খ্রিঃ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন দেশের সকল মাদ্রাসার পরিচালনা কমিটির সভাপতি ও অধ্যক্ষ/সুপারকে নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলোঃ-

- সকল মাদ্রাসায় সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন;
- কুচকাওয়াজ ও র্যালি আয়োজন;
- ক্রীড়া অনুষ্ঠান;
- মহান বিজয় দিবসের তাৎপর্য ও ভাবগাম্ভীর্য সম্পর্কিত আলোচনা অনুষ্ঠান;
- বীর মুক্তিযোদ্ধাদের উপস্থিতিতে তাঁদের বীরগাথা সম্বলিত মুক্তিযুদ্ধের গুরুত্বপূর্ণ ঘটনার স্মৃতিচারণ শিক্ষার্থীদের সামনে উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ;
- মুক্তিযুদ্ধ সম্পর্কিত রচনা ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন;
- কবিতা আবৃত্তিসহ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন; এবং
- দোয়া মাহফিলের আয়োজন করা।

উল্লেখ্য, বিষয়টি অতীব তাৎপর্যপূর্ণ ও গুরুত্বপূর্ণ বিধায় আবশ্যিকভাবে মহান বিজয় দিবস, ২০১৭ পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রফেসর মোঃ মজিবুর রহমান

চেয়ারম্যান (রুটিন দায়িত্বপ্রাপ্ত)

ও রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬১২৮৫৮

প্রাপক : ১) সভাপতি- ম্যানেজিং কমিটি/গভার্ণিং বডি/এডহক কমিটি; এবং

২) অধ্যক্ষ/সুপার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন দেশের সকল মাদ্রাসা।

নং- বামাশিবো/সংস্থাপন/৭৩৮(১২)

তারিখ : ১৬/১১/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (যুগ্ম সচিব), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- জেলা প্রশাসক, সকল।
- পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/ প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- উপজেলা নির্বাহী অফিসার, সকল।
- প্রোগ্রামার, আইসিটিসেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
(তাঁকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে জরুরী ভিত্তিতে প্রকাশ ও বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
- জেলা শিক্ষা অফিসার, সকল।
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল। (তাঁকে উপজেলা পর্যায়ে মাদ্রাসাসমূহ কর্তৃক নির্দেশনা মোতাবেক মহান বিজয় দিবসের কর্মসূচিসমূহ যথাযথভাবে উদযাপনের বিষয়টি তদারকি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
- সদস্যবৃন্দ- গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটি, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন দেশের সকল মাদ্রাসা।
- পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪